ANECDOTAL RECORD CARD

What is Anecdotal Record Card ?

- সাধারনত এটি শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সংরক্ষনের একটি কার্যকরী পন্থা ।
- এটি আসলে কতগুলি ঘটনা বা আচরণের ধারাবিবরনী ।
- এই রেকর্ডে বিদ্যালয়ের বিভিন্ন ঘটনা ও শিক্ষার্থীর আচরণ পর্যবেক্ষণের ভিত্তিতে তার ব্যাক্তিগত অভ্যাস, আদর্শ, চারিত্রিক বৈশিষ্ট্যাবলী সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা হয়ে থাকে ।
- এই এক একটি ঘটনা ও আচরণের বিবরণকে বলা হয় Anecdotes ।
- একজন শিক্ষার্থীর বিদ্যালয় জীবনের সমস্ত ঘটনাবলীকে ধারাবাহিকভাবে একটি বিবরণীর মধ্যে বা পুস্তিকার মধ্যে সংরক্ষণ করা হয়, সেই বিবরণী বা পুস্তিকাকে বলা হয় Anecdotal Record Card ।

- Anecdotal Record এর দুটি অংশ থাকে – প্রথম অংশে শিক্ষার্থীর বিশেষ কোনো আচরণের বিবরন , যা শিক্ষক পর্যবেক্ষণ করেছেন ।
- দ্বিতীয় অংশে থাকে শিক্ষকের মন্তব্য ।
- একটি Anecdot এর নমুনা -------

ক্রমিক নং স্থান ঃ বিজ্ঞানের ক্লাস	বিষয় ঃ বিজ্ঞান তারিখ ঃ
বিবরণ ঃ	সুনীল কোনো দিনই শ্রেণিতে বাড়ির কাজ করে আনে না, অথচ দেখা যাচ্ছে সে গ্রন্থাগার থেকে বহু বিজ্ঞান-বিষয়ক বই নিয়ে পড়াশুনা করে। শ্রেণি কাজে সে মোটেই মনোযোগ দেয় না।
শিক্ষকের মন্তব্য ঃ	সুনীল বিজ্ঞান-বিষয়ক প্রবন্ধাদি পড়তে ভালোবাসে, কিন্তু শ্রেণির গতানুগতিক কাজে সে মোটেই আগ্রহী নয়। সুতরাং, শ্রেণির-পাঠের প্রতি তার মনোযোগ আকর্ষণ করা প্রয়োজন। শ্রেণির পাঠের প্রতি আগ্রহ সঞ্চারের জন্য তাকে একটি পাঠ-সম্পর্কিত প্রজেক্টের দায়িত্ব দেওয়া হল। তা ছাড়া, গ্রন্থাগার থেকে তার বই নেওয়া সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। যতদিন পর্যন্ত না সে শ্রেণির কাজ সে ঠিকমত করে, ততদিন পর্যন্ত এই নির্দেশ বলবৎ থাকবে।
শিক্ষকের স্বাক্ষর ঃ	

DIFINITION

- A.J.Jones ----- "Anecdotal Record is a running cumulative description of actual instances of behaviour observed by the teachers and counsellors."
- Randall----- "Anecdotal Record is a record of some significant item of conduct, a record of an episode in the life of students, a word picture of the student in action, a word snapshot at the moment of the incident, any narration of events in which may be significant about his personality."

A.R.C.-তে সাধারণত তিন প্রকারের তথ্য লিপিবদ্ধ থাকে –

(১) ঘটনা সম্পর্কে বিশদ বিবরণ ;

(২) ঐ ঘটনার পরিপ্রেক্ষিতে ব্যক্তির আচরণের বিশদ বিবরণ ;

(৩) ব্যক্তি সম্পর্কে মন্তব্য।

সাধারণত চার প্রকারের A.R.C. দেখতে পাওয়া যায় –

প্রথমত, যেখানে কেবল ব্যক্তির আচরণ সম্পর্কিত বিবরণ থাকে।

দ্বিতীয় প্রকারের A.R.C.-তে থাকে ব্যক্তির আচরণ এবং তৎসম্পর্কিত মন্তব্য।

তৃতীয় প্রকারের A.R.C.-তে থাকে ব্যক্তির আচরণ সম্পর্কে বিবরণ, মন্তব্য এবং ব্যক্তির কর্তব্য।

চতুর্থ প্রকারের A.R.C.-তে থাকে ব্যক্তির আচরণ সম্পর্কে বিবরণ, মন্তব্য, ব্যক্তির কর্তব্য এবং ভবিষ্যতে ঐ পরিস্থিতিতে ব্যক্তির কিরূপ আচরণের সম্ভাবনা। সবরকমের A.R.C.-তেই ঘটনার বিশদ বিবরণ অবশ্যই থাকবে।

▶ নির্দেশনায় A.R.C.-র প্রয়োজনীয়তা (Importance of A.R.C. in Guidance) :

(১) A.R.C.-র মাধ্যমে শিক্ষার্থী সম্পর্কীয় অনেক গুরুত্বপূর্ণ তথ্য সম্পর্কে অবগত হওয়া যায়, যেমন — ব্যক্তিত্ব, বিভিন্ন পরিস্থিতিতে শিক্ষার্থীর প্রতিক্রিয়া, পাঠাভ্যাস; বৃত্তির প্রতি আগ্রহ ইত্যাদি।

(২) সামাজিক এবং প্রাক্ষোভিক পরিস্থিতিতে ব্যক্তির আচরণ সম্পর্কে জানা যায় যা নির্দেশনা ও পরামর্শদানে বিশেষ তাৎপর্যপূর্ণ।

(ii) এই ধরনের তথ্য শিক্ষার্থীকে যথাযথভাবে উপলব্ধি করতে সাহায্য করে।

(iii) শিক্ষার্থীর কোনোরূপ দুর্বলতা বা অপসংগতিকে চিহ্নিত করতে সাহায্য করে এবং যথাযথ প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণেও সাহায্য করে থাকে।

(iv) শিক্ষামূলক, সামাজিক ও বৃত্তিমূলক নির্দেশনা প্রদানে সহায়ক হয়।

(v) এই কৌশলের মধ্য দিয়ে অনেক গোপনীয় তথ্য সংগ্রহ করা যায়, যার ফলে ব্যক্তির পছন্দ-অপছন্দকে যেমন জানা যায় তেমনি স্কুল বা সমাজে যথাযথ সংগতিবিধানে সাহায্য করা যায়।

সীমাবদ্ধতা (Limitations) :

(i) শিক্ষার্থী বা ব্যক্তি সম্পর্কে সবরকম তথ্য অ্যানেকডোটালে সংরক্ষণ করা যায় না।

(ii) কোনোভাবে ব্যক্তি পর্যবেক্ষক সম্পর্কে জ্ঞাত হলে ব্যক্তির নকল আচরণ করার প্রবণতা থেকে যায়।

(iii) উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত পর্যবেক্ষণের অভাব হেতু অ্যানেকডোটালের উদ্দেশ্য ব্যাহত হয়।

(iv) পর্যবেক্ষণ, বিবরণ লেখা সব মিলিয়ে সময়সাপেক্ষ ব্যাপার।

(v) বিবরণ লেখার সময় পর্যবেক্ষকের নেতিবাচক বা ইতিবাচক মনোভাব কাজ করার সম্ভাবনা থাকে।

C.R.C.

C.R.C.	A.R.C.
(১) C.R.C.-তে শিক্ষার্থীর সবরকমের তথ্য লিপিবদ্ধ থাকে।	(১) A.R.C.-তে শিক্ষার্থীর বিশেষ কোন মুহূর্তের আচরণ লিপিবদ্ধ থাকে।
(২) শিক্ষার্থী সম্পর্কে সামগ্রিক চিত্র পাওয়া যায়।	(২) বিশেষ কোন ঘটনার প্রেক্ষিতে শিক্ষার্থীকে বিশ্লেষণ করা যায়। সামগ্রিক চিত্র পাওয়া সম্ভব নয়।
(৩) C.R.C. তিন রকমের হতে [illegible]-প্যাকেট রেকর্ড কার্ড, সিঙ্গল কার্ড এবং কিউমুলেটিভ রেকর্ড ভাণ্ডার।	(৩) A.R.C. চার রকমের হতে পারে — (i) কেবলমাত্র ব্যক্তির আচরণ লিপিবদ্ধ থাকে ; (ii) ব্যক্তির আচরণ এবং মন্তব্য ; (iii) ব্যক্তির আচরণ, মন্তব্য ও তার কর্তব্য ; এবং (iv) ব্যক্তির আচরণ সম্পর্কে বিবরণ, মন্তব্য, কর্তব্য এবং ভবিষ্যতে ঐ একই পরিস্থিতিতে ব্যক্তির সম্ভাব্য আচরণ।
(৪) C.R.C. প্রস্তুতে অভিভাবক, প্রতিবেশী, শিক্ষক, শিক্ষার্থীর বন্ধু ইত্যাদি সকলকে প্রয়োজন।	(৪) একজন অভিজ্ঞ পর্যবেক্ষক/শিক্ষক/মনস্তাত্ত্বিকের প্রয়োজন।
(৫) গুণগত এবং পরিমাণগতভাবে শিক্ষার্থীর বৈশিষ্ট্য লিপিবদ্ধ করা হয়।	(৫) সাধারণত আচরণকেই গুণগতভাবে বিশ্লেষণ করা হয়।
(৬) শিক্ষার্থীর শারীরিক, মানসিক, প্রাক্ষোভিক, সামাজিক সব রকমের বৈশিষ্ট্য বিকাশের কথা জানা যায়।	(৬) শিক্ষার্থীর সামাজিক অভিযোজন ও ব্যক্তিগত সমস্যার সমাধান সম্পর্কিত তথ্য জানা যায়।
(৭) সতর্কতা অবলম্বন করলে তথ্যগুলি নির্ভরযোগ্য হয়।	(৭) সরাসরি পর্যবেক্ষণের মাধ্যমে আচরণ সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয় বলে তথ্যগুলি নির্ভরযোগ্য হয়।

শ্রদ্ধাবান লভতে জ্ঞানম

বিদ্যা আছে কার?
জানে, শোনে, করে অনেক,
অহংকার নেই যার।

মূর্খ তবে কে?
অল্প কিছু জেনে শুনেই
গর্বে ফাটে যে।

শ্রী শ্রী ঠাকুর অনুকূলচন্দ্র